৮

আজকের কাগজ

তারিখ .. 18 NOV 1993 ..
পৃষ্ঠা... ৩ ......কলাম.. ৫ ...

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

## প্রথম সমাবর্তন অনুষ্ঠানের বিজ্ঞপ্তি

তারিখ ঃ ১৬-১১-১৯৯৩ ইং
২রা অগ্রহায়ণ, ১৪০০ বাং

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অত্র বিশ্ববিদ্যালয়ের নিম্ন পর্যায়েভুক্ত স্নাতক/স্নাতকোত্তর উপাধিপ্রাপ্ত ব্যক্তিদের উপাধি বিতরণের জন্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রথম সাধারণ সমবর্তন উৎসব ১৯৯৪ সালের জানুয়ারী মাসের প্রথম সপ্তাহে অনুষ্ঠিত হইবে।

সমাবর্তন অনুষ্ঠানের তারিখ, সময় ও স্থান যথাসময়ে ঘোষণা করা হইবে।

| ১। প্রযোগ্য উপাধিধারী | ডিগ্রীর সময়কাল |
|---|---|
| এমএ/এমএসসি/এম কম<br>বিএ (সম্মান) /বিএসসি (সম্মান) বিকম (সম্মান)<br>বিএ (পাস)/ বিএসসি (পাস)/বিকম (পাস)<br>এমবিবিএস/বিএসসি ইঞ্জিনিয়ারিং/এলএলবি/<br>বিএড/পিএইচডি/এমফিল। | ১৯৬৮ সাল হইতে ১৯৮২ সালের পরীক্ষা পর্যন্ত (যাহা বর্ষপঞ্জী অনুসারে পরবর্তী বৎসরে/ সময়ে অনুষ্ঠিত হইয়াছে)। |

২। সমাবর্তন অনুষ্ঠানে অংশগ্রহণের নিয়মাবলি ঃ

(ক) প্রতি ডিগ্রীর জন্য রেজিস্ট্রেশন ফি/৫০০/- (পাঁচশত) টাকা। এক ব্যক্তি একাধিক ডিগ্রীপ্রাপ্ত হইয়া থাকিলে প্রতিটি ডিগ্রীর জন্য পৃথক পৃথকভাবে রেজিস্ট্রেশন ফি ও আবেদন দাখিল করিতে হইবে।

(খ) রেজিস্ট্রেশনের আবেদন সাদা কাগজে নিম্নে প্রদত্ত ছকে রেজিষ্টার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম, সমীপে ০৯-১২-১৯৯৩ ইং তারিখের মধ্যে দাখিল করিতে হইবে। ০৯-১২-৯৩ তারিখের পরে কোন আবেদন গ্রহণ করা হইবে না।

(গ) রেজিস্ট্রেশন ফি "রেজিস্ট্রার" চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার আকারে গ্রহণ করা হইবে। ব্যাংক ড্রাফট শুধুমাত্র অগ্রণী ব্যাংক, বিশ্ববিদ্যালয় শাখা এবং জনতা ব্যাংক, ফতেপুর শাখার অনুকূলে পরিশোধযোগ্য হইতে হইবে।

নগদ অথবা মনিঅর্ডার বা পোস্টাল অর্ডারযোগে কোন ফি গ্রহণ করা হইবে না।

(ঘ) ১৯৬৮ হইতে ১৯৮২ সাল পর্যন্ত বৎসরগুলিতে ডিগ্রীপ্রাপ্তদের মধ্যে যাঁহারা ইতিমধ্যে মূল সার্টিফিকেট গ্রহণ করিয়াছেন তাঁহারা আবেদন করার অযোগ্য বলে বিবেচিত হইবেন।

১৯৬৮ ইং হইতে ১৯৭২ ইং এ ডিগ্রী প্রাপ্তদের মধ্যে যাঁহারা পূর্বে রেজিস্ট্রেশন-এর জন্য টাকা জমা করিয়াছিলেন এবং এর মধ্যে মূল সার্টিফিকেট গ্রহণ করেন নাই তাঁহাদের পুনরায় ফি প্রদান করার প্রয়োজন নাই।

কিন্তু তাঁহাদিগকে নিম্নোক্ত ছক অনুযায়ী পুনরায় উক্ত তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট আবেদন করিতে হইবে। তবে আবেদনপত্রের উপরে "পুনঃ আবেদন" শব্দটি লিখিয়া দিতে হইবে। অন্যথায় এই আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য করা হইবে।

(ঙ) আবেদনপত্রের সংগে রেজিস্ট্রেশন ফিসের ব্যাংক ড্রাফট ছাড়া অথবা আবেদনপত্রের কোন কলাম পুরণ না করিলে বা ভুল তথ্য প্রদান করিলে সেই আবেদনপত্র বিনা নোটিশে বাতিল হিসাবে গণ্য করা হইবে।

**আবদুর রশীদ**
রেজিস্ট্রার,
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

| | |
|---|---|
| প্রাপ্ত ডিগ্রীর নাম | |
| পরীক্ষা বৎসর | |

বিষয় ঃ প্রথম সমাবর্তন অনুষ্ঠানে যোগদানের আবেদন।

১। প্রার্থীর নাম ------------------------------------------
(সার্টিফিকেট অনুসারে)

২। পিতার নাম ------------------------------------------

৩। অর্জিত ডিগ্রীর নাম (ক)------------------(খ) পরীক্ষার রোল নং-----------------

(গ) পরীক্ষা বৎসর ----------------------(ঘ) পরীক্ষা অনুষ্ঠানের বৎসর---------------

(ঙ) প্রাপ্ত বিভাগ/ শ্রেণী-------------------------

(চ) কলেজ/ হলের নাম/ বহিরাগত ------------------------------------------
------------------------------------------

(ছ) বিষয়ের নাম ------------------------------------------
(অনার্স ও মাষ্টার ডিগ্রী প্রাপ্তদের জন্য প্রযোজ্য)

৪। বর্তমান যোগাযোগের ঠিকানা ------------------------------------------
------------------------------------------
------------------------------------------

৫। রেজিস্ট্রেশন ফিসের ব্যাংক ড্রাফটের টাকার পরিমাণ---------------------নং-----------------

তারিখ ঃ ------------- ব্যাংকের নাম ------------------- শাখা ---------------

(প্রতি ডিগ্রীর জন্য ৫০০/- টাকা হারে
রেজিস্ট্রেশন ফিস দিতে হইবে)।

প্রার্থীর স্বহস্তে পুরা নামের স্বাক্ষর (বাংলায়)
তারিখ ঃ----------

বিশেষ দ্রষ্টব্য ঃ প্রতিটি ডিগ্রীর জন্য আলাদা দরখাস্ত ও রেজিস্ট্রেশন ফিস দিতে হইবে।

**আবদুর রশীদ**
রেজিস্ট্রার,
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

ডিজি-৬১২/৯৩